www.prepp.in

Prepp
Your Personal Exams Guide



**M–ESC–U–BNG**

# BENGALI

## ( PAPER—I )

**( Literature )**

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

### QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

---

# বাংলা

## প্রশ্নপত্র—I

**( সাহিত্য )**

সময় : ৩ ঘণ্টা

পূর্ণাঙ্ক : ২৫০

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বসমেত আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বসমেত পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম **(1)** এবং পঞ্চম **(5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন-রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(*a*) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের দশটি শাখার নাম লিখুন। এই প্রসঙ্গে ইন্দো-ইরানীয় শাখার পরিচয় দিন। 5+5=10

(*b*) মধ্যভারতীয় আর্য ভাষার সময়সীমা উল্লেখ করে এই ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিখুন। 10

(*c*) ঝাড়খণ্ডী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দিন। 2+8=10

(*d*) বাংলা ভাষায় স্বরাগমের স্বরূপ উদাহরণসহ আলোচনা করুন। 10

(*e*) প্রয়োগ ও ব্যবহারগত দিক থেকে সাধু বাংলা ও চলিত বাংলা ভাষার পার্থক্যগুলি লিখুন। 10

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

(*a*) বাংলা শব্দভাণ্ডারে কিছু মৌলিক বা নিজস্ব শব্দ আছে। ঐ শব্দসমূহের শ্রেণীবিভাগ করে উদাহরণসহ বিষয়টি বুঝিয়ে দিন। 15

(*b*) অন্ত্য-মধ্য যুগের বাংলা ভাষার সময়সীমা ও নিদর্শনসমূহের পরিচয় দিয়ে এই পর্বের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি লিখুন। 2+2+11=15

(*c*) বাংলা ভাষায় একই বানানের বহু রূপ (কোনো–কোনও, বাড়ী–বাড়ি, পোষাক–পোশাক) পড়ুয়াদের মনে বিভ্রান্তির সৃষ্টি করে, এর সংস্কার তথা সঠিক রূপ নির্মাণে আপনি কি কি পদক্ষেপ গ্রহণ করবেন? 20

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

(*a*) চর্যাপদের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি বর্ণনা করুন। 15

(*b*) 'দল' (syllable) বলতে কি বোঝায়? উদাহরণ দিয়ে বাংলা একদল শব্দের গঠন আলোচনা করুন। 20

(*c*) বাংলা ভাষার পদগুলির বিভাজন করুন, সেইসঙ্গে ব্যবহার অনুসারে বাংলা বিশেষ্য পদের শ্রেণীবিভাগ করুন। 15

**4.** নিম্নলিখিত প্রতিটির উপর টীকা লিখুন : 10×5=50

(*a*) মৌলিক স্বরধ্বনি (Cardinal vowels) 10

(*b*) যৌগিক কাল ও যৌগিক ক্রিয়া 10

(*c*) সাদৃশ্য 10

(*d*) বাংলা বহুত্ববাচক শব্দ 10

(*e*) বাংলা সরল বাক্যের গঠন 10

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে পৌরাণিক কাহিনীর সঙ্গে লৌকিক কাহিনীর মিশ্রণ কতটা সামঞ্জস্যপূর্ণ হয়েছে? এই প্রসঙ্গে এই কাব্যের ঐতিহাসিক গুরুত্ব লিপিবদ্ধ করুন। 5+5=10

(b) বাংলায় নারী-রচিত উপন্যাসের ইতিহাসে আশাপূর্ণা দেবীর ভূমিকার সংক্ষিপ্ত আলোচনা করুন। 10

(c) বাংলা ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান লিখুন। 10

(d) কৃত্তিবাসী 'রামায়ণ'-এ তৎকালীন বাঙালি সমাজের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দিন। 10

(e) ষোড়শ-সপ্তদশ শতককে মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে 'স্বর্ণযুগ' নামে চিহ্নিত করা কতটা সঙ্গত তা বুঝিয়ে দিন। 10

**6.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

(a) প্রাক্-আধুনিক বাংলা সাহিত্য আধুনিকতার পথে কিভাবে বিবর্তিত হল তা দুই পর্বের সাহিত্য উপকরণকে সামনে রেখে বুঝিয়ে দিন। 20

(b) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের রচিত আখ্যানকাব্যের অভিনবত্ব আলোচনা করুন। 15

(c) 'ছোটগল্প' সৃজন ও প্রসারণে রবীন্দ্রনাথের অবদান লিপিবদ্ধ করুন। 15

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

(a) "ভারতচন্দ্রকে পুরাতন যুগের শেষ এবং আধুনিক যুগের প্রথম কবি বলা হয়।" ভারতচন্দ্রের কাব্যের বিভিন্ন লক্ষণ বিবৃত করে এই মন্তব্যের যাথার্থ্য বিচার করুন। 20

(b) 'পূর্বরাগ' বিষয়ক পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করুন। 15

(c) বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান লিখুন। 15

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

(a) বাংলা উপন্যাসের ইতিহাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবদান লিপিবদ্ধ করুন। 20

(b) অনেকে জীবনানন্দ দাশকে রবীন্দ্র-পরবর্তী যুগের শ্রেষ্ঠ কবি বলে মনে করেন। এ বিষয়ে আপনার মতামত তথ্য ও যুক্তিসহ উপস্থিত করুন। 15

(c) বিহারীলালের 'সারদামঙ্গল' কাব্যকে সামনে রেখে বুঝিয়ে দিন, তিনিই ছিলেন উনবিংশ শতকের প্রথম আধুনিক গীতিকবি। 15

★★★

www.prepp.in